

নাগরিক সনদ (CitizenCharter)

স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৫৩ অনুযায়ী “প্রতিটি পৌরসভা নির্ধারিত পদ্ধতি অনুসরণ করিয়া বিভিন্ন প্রকারের নাগরিক সেবা প্রদানের বিবরণ, সেবা প্রদানের শর্তসমূহ এবং নির্দিষ্ট সময়সীমার মধ্যে সেবা প্রদান নিশ্চিত করিবার বিবরণ প্রকাশ করিবে যাহা ‘নাগরিক সনদ’ বলিয়া অভিহিত হইবে।” অর্থাৎ নাগরিক সনদ বা সিটিজেন চার্টার হচ্ছে নাগরিকদের অধিকার, দায়িত্ব ও সেবাসমূহ চার্ট আকারে প্রদর্শন করার এমন একটি দলিল যেখানে পৌর সেবাসমূহের বিস্তারিত বিবরণ, সেবা প্রদানকারী ব্যক্তি ও তার অবস্থান, সেবামূল্য এবং সেবা প্রাপ্তির সময়সীমা উল্লেখ থাকে। সিটিজেন চার্টারের ফলে সেবা গ্রহণ প্রত্যাশী নাগরিকের সেবা প্রাপ্তি যেমন সহজ হবে; তেমনি পৌরসেবা প্রদানেও গতিশীলতা আসবে এবং সেবা প্রাপ্তির ক্ষেত্রে নাগরিকের ভোগান্দিজ্ঞ নিরসন হবে।

১. আবেদন ফরম সংক্রান্ত সেবা

মোডেলগঞ্জ পৌরসভা কর্তৃক প্রদত্ত বিভিন্ন সেবা সংক্রান্ত আবেদন পত্র এর বিবরণ নিম্নরূপ: ১) ট্রেড লাইসেন্স সংক্রান্ত আবেদনপত্র - পাওয়া যাবে লাইসেন্স পরিদর্শক সঞ্জয় কুমার চক্রবর্তী এর নিকট - মূল্য- ৫০/=, ভ্যান রিক্সা লাইসেন্স সংক্রান্ত আবেদন পত্র একই যায়গায় পোয়া যাবে। মূল্য- ২০/=। ওয়ারেশ কায়েম সনদ সংক্রান্ত আবেদন পত্র পাওয়া যাবে তথ্য কেন্দ্র উদ্যোক্তা রাজিয়া সুলতানা এর নিকট। হোল্ডিং ট্যাক্স এর রিভিউ সংক্রান্ত আবেদন পত্র পাওয়া যাবে সহকারী কর নির্ধারক আকতারুজ্জামান এর নিকট। মূল্য- ৫০/=।

২. সনদপত্র সংক্রান্ত সেবা

অত্র পৌরসভার নাগরিক ও ওয়ারেশ কায়েম সনদপত্র পাওয়া যাবে পৌরসভার "ডিজিটাল ম্যানেজমেন্ট সেন্টার" এর নারী উদ্যোক্তা রাজিয়া সুলতানার নিকট হতে। জন্ম ও মৃত্যু নিবন্ধন সনদ প্রদান করেন টিকাদারকারী (মহিলা) হাসি রানী মাঝী। টিকাদারী আমকর সনদপত্র পাওয়া যাবে হিসাবরক্ষক সরদার আব্দুল হান্নান এর নিকট হতে। বিভিন্ন অবকাঠামো ও স্থাপনা নির্মাণের জন্য অনাপত্তিসনদ পাওয়া যাবে পৌরসভার সহকারী প্রকৌশলী ও সচিব এস এম হাবিবুল্লাহ এর নিকট হতে। এছাড়া আয়ের সনদ পত্র, অবিবাহিত সনদ, চারিত্রিক সনদ, ও বিভিন্ন প্রত্যয়নপত্র প্রদান করেন অত্র পৌরসভার মেয়র মহোদয়ের ব্যক্তিগত সহকারী ও সহকারী কর আদায়কারী বিদ্যুৎ কুমার দাস।

৩. অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত সেবা

অত্র পৌরসভার বিভিন্ন অভিযোগ গ্রহন করেন পৌরসভার নিম্নমান সহকারী নাসিরউদ্দিন হাওলাদার। অভিযোগ গ্রহনের পর তা দ্রুত নিষ্পত্তি করা হয়।

৪. পারিবারিক আদালত সংক্রান্ত সেবা

৫. কর নির্ধারণ সংক্রান্ত সেবা

মোডেলগঞ্জ পৌরসভার কর নির্ধারণ করেন অত্র পৌরসভার সহকারী কর নির্ধারক এইচ এম আকতারুজ্জামান। কর নির্ধারণ সংক্রান্ত সকল প্রকার সেবা তিনি প্রদান করেন।

৬. কর আদায় সংক্রান্ত সেবা

মোডেলগঞ্জ পৌরসভার কর আদায় করা অফিস হতে সরাসরি পৌরকরের রশিদের মাধ্যমে। পৌরকর আদায় করেন অত্র পৌরসভার সহকারী কর আদায়কারী রিতা দাস। তিনি পৌরকর আদায় সংক্রান্ত সকল প্রকার সেবা প্রদান করেন।

৭. লাইসেন্স সংক্রান্ত সেবা

মোডেলগঞ্জ পৌরসভার সকল প্রকার লাইসেন্স প্রদান করেন অত্র পৌরসভার লাইসেন্স পরিদর্শক সঞ্জয় কুমার চক্রবর্তী। লাইসেন্স সংক্রান্ত সকল সেবা তিনি প্রদান করেন।

৮. পৌর হাট-বাজার সংক্রান্ত সেবা

৯. সড়ক বাতি সংক্রান্ত সেবা

১০. পানি সরবরাহ ও নিষ্কাশন সংক্রান্ত সেবা

মোডেলগঞ্জ পৌরসভায় পর্যাপ্ত পানি নিষ্কাশনের সুব্যবস্থা রয়েছে। পৌরসভার মধ্যদিয়ে পানগুছি নদী বয়ে গেছে। নদীর একপাড়ে ০২টি ওয়ার্ড এবং অন্যপাড়ে ০৭ টি ওয়ার্ড। ওয়ার্ডগুলির মধ্যদিয়ে বিভিন্ন ছোট বড় খাল প্রবাহিত হয়েছে। এই খালের সাথে বিভিন্ন ড্রেনের সংযোগ রয়েছে। তাছাড়া বিভিন্ন কালভার্টের মাধ্যমে পানি নিষ্কাশন হয়ে থাকে।

১১. পূর্ত কার্যক্রম সংক্রান্ত সেবা

১২. যানবাহন ও সরঞ্জামাদি ভাড়া সংক্রান্ত সেবা

পৌরসভার নিজস্ব ০২টি গার্বজ ট্রাক, ০২টি মটর সাইকেল এবং ০২টি রোড রোলার আছে। এর মধ্যে রোড রোলারটি ভাড়া দেওয়া হয়।

১৩. স্বাস্থ্য সংক্রান্ত সেবা

১৪. পৌরসভার টিকাদান কেন্দ্রসমূহ সংক্রান্ত সেবা

মোডেলগঞ্জ পৌরসভার অভ্যন্তরে মাসের প্রতি শনিবার এবং মঙ্গলবার পর্যায়ক্রমে মধ্যকাঁঠালতলা সরকারি প্রাথমিক বিদ্যালয়, এম কাঁঠালতলা সরকারি প্রাথমিক বিদ্যালয়, মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়, আদর্শ সরকারি প্রাথমিক বিদ্যালয়, কে.জি মাধ্যমিক বিদ্যালয়, সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে টিকা প্রদান করা হয়।

১৫. পরিচ্ছন্নতা সংক্রান্ত সেবা

১৬. ওয়েব সাইট সংক্রান্ত সেবা